

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৩৭

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ১০) বিদ্বান হওয়া ও কুরআন সম্পর্কে জ্ঞানী হওয়ার দাবী করার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من الدعوى في العلم والقرآن

আরবী

(حسن لغيره) وَعَنْ أُمِّ الْفَضْلِ أَم عَبْدِ اللَّهِ بن عَبَّاسِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا, عَنْ رَسُوْلِ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ, أَنَّهُ قَامَ لَيْلَةً بِمَكَّةَ مِنَ اللَّيْلِ, فَقَالَ:اللَّهُمَّ هَلْ بَلَّفْتُ؟ ثَلاثَ مَرَات

فَقَامَ عُمَرُ بنِ الْخَطَّابِ وَكَانَ أَوَّاهًا , فَقَالَ: اللَّهُمَّ نَعَمْ , وَحَرَّضْتَ , وَجَهَدْتَ , وَجَهَدْتَ , وَنَصَحْتَ. فَقَالَ:

لَيَظْهَرَنَّ الإِيمَانُ حَتَّى يَرُدَّ الْكُفْرَ إِلَى مَوَاطِنِهِ, وَلَيُخَاضَنَّ الْبِحَارُ بِالإِسْلامِ, وَلَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ يَتَعَلَّمُونَ فِيهِ الْقُرْآنَ، يَتَعَلَّمُونَهُ وَيْقَرَءُونَهُ, ثُمَّ يَقُولُونَ قَدْ قَرَأْنَا وَعَلِمْنَا, فَمَنَ ذَا الَّذِي هُوَ خَيْرٌ مِنَّا؟ فَهَلْ فِي أُولَئِكَ مِنْ خَيْرٍ؟ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ, مَنْ أُولَئِكَ؟ قَالَ: أُولَئِكَ مِنْكُمْ, وَأُولَئِكَ هُمْ وَقُودُ النَّارِ. رواه الطبراني في الكبير

বাংলা

১৩৭. (হাসান লি গাইরিহী) আবদুল্লাহ বিন আব্বাসের মাতা উম্মে ফাযল (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করে বলেন: একদা কোন এক রাতে তিনি মক্কায় দন্ডায়মান হয়ে বললেনঃ "হে আল্লাহ্ আমি কি পৌঁছিয়েছি?" কথাটি তিনি তিনবার বললেন।

তখন ওমার বিন খাত্তাব দাঁড়িয়ে গেলেন। তিনি ছিলেন অধিক বিনয়ী। তিনি বললেনঃ হে আল্লাহ্! হ্যাঁ, আপনি পৌঁছিয়েছেন, আপনি উদুদ্ধ করেছেন, জিহাদ করেছেন এবং নসীহত করেছেন।

তখন তিনি বললেনঃ

"অবশ্যই ইসলাম বিজয় লাভ করবে, এমনকি কুফরীকে তার ঠিকানায় ফেরত পাঠানো হবে। নাবিকগণ ইসলামের বাণী নিয়ে সাগর পাড়ি দিবে। এমন এক যুগ আসবে যখন মানুষ কুরআন শিক্ষা করবে। তারা কুরআন শিক্ষা করবে ও পাঠ করবে তারপর বলবেঃ আমরা পড়লাম ও জানলাম। অতএব আমাদের চেয়ে উত্তম আর কে আছে? এসকল লোকের মধ্যে কি কোন কল্যাণ আছে?



তাঁরা বললেনঃ হে আল্লাহর রাসূল! ওরা কারা? তিনি বললেনঃ "ওরা তোমাদেরই অন্তর্ভুক্ত। ওরা হবে জাহান্নামের ইন্ধন।"

(ত্বাবরানী [কাবীর গ্রন্থে] ১৩০১৯ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উম্মু ফাযল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন